বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল
দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪২২৩।

সূত্র নং-০৩.০৬.১৫৩৫.৩৩৫.১১.০২৯.২৫-৫১১৬ তারিখঃ ২৪-০৮-২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকায় অবস্থিত চট্টগ্রাম ইপিজেড হাসপাতালের জন্য নিম্নবর্ণিত শর্তে স্থায়ী পদে জনবল নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত পুরুষ/মহিলা নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র নং | পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স (অনূর্ধ্ব) | বেতন স্কেল |
|---|---|---|---|---|---|
| ০১ | মেডিকেল অফিসার | ০৭ (সাত) জন | এম.বি.বি.এস. ডিগ্রীধারী এবং বি.এম.ডি.সি. রেজিস্ট্রেশন প্রাপ্ত। | ৩২ বৎসর | টাকা:- ২২,০০০-৫৩,০৬০/- |
| ০২ | মেডিকেল এসিস্ট্যান্ট | ০৪ (চার) জন | সরকারি স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) বৎসর মেয়াদী মেডিকেল এসিস্ট্যান্ট কোর্স উত্তীর্ণ হতে হবে। | ৩২ বৎসর | টাকা: ১১,৩০০-২৭,৩০০/- |
| ০৩ | এ্যাসিস্ট্যান্ট ল্যাব টেকনোলজিস্ট (প্যাথলজি) | ০২ (দুই) জন | সরকারি স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ল্যাব) অথবা এইচ.এস.সি. পাস এবং সু-প্রতিষ্ঠিত ডায়াগনস্টিক ল্যাবে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। | ৩২ বৎসর | টাকা: ১২,৫০০-৩০,২৩০/- অথবা এইচ.এস.সি. পাসের ক্ষেত্রে ৯,৩০০-২২,৪৯০/- |
| ০৪ | এসিস্ট্যান্ট ফার্মাসিস্ট | ০১ (এক) জন | সরকারি স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ফার্মেসী তে ০৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমাধারী হতে হবে। | ৩২ বৎসর | টাকা: ১১,৩০০-২৭,৩০০/- |
| ০৫ | ক্লিনার | ০৬ (ছয়) জন | ৮ম শ্রেণী পাস। | ৩২ বৎসর | টাকা: ৮,২৫০-২০,০১০/- |

শর্তাবলীঃ

১। নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে দরখাস্ত আগামী ৩০/০৯/২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে চীফ মেডিকেল অফিসার, চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম ইপিজেড বরাবরে পৌছাতে হবে। অত্র অফিসে সরাসরি/হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনের নমুনা বেপজার ওয়েবসাইট:www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

২। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রাথমিক বাছাই এর পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র সার্বাধিক উপযুক্ত প্রার্থীগণকে লিখিত, মৌখিক এবং স্বাস্থ্যগত পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা উভয় পরীক্ষায় অংশ গ্রহণের জন্য পত্র দ্বারা জানানো হবে।

৪। দরখাস্তের খামের উপর আবেদকৃত পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

৫। "CEPZ Medical Centre Trustee Board" এর অনুকূলে ক্রমিক নং-০১ এর জন্য ২০০/- (দুইশত) টাকা, ক্রমিক নং-০২ হতে ০৪ এর জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা, ক্রমিক নং-০৫ এর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৬। দরখাস্তের সহিত নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবেঃ

(ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।
(খ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
(গ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্রের কপি।
(ঙ) অভিজ্ঞতা সদনপত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।

৭। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সহিত দাখিলকৃত কাগজপত্র ফেরৎ দেয়া হবে না।

৮। যেকোন প্রকার তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যেকোনো সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

24/8/2026

চীফ মেডিকেল অফিসার
চট্টগ্রাম ইপিজেড হাসপাতাল।